# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 03-09-2025** **Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) নতুন করে পরীক্ষায় না বসে চাকরিতে পুনর্বহালের দাবিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে চিঠি দিয়েছেন চাকরিহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের একাংশ।

২) এজেন্ট এবং রাজনৈতিক নেতা ও  ব্যক্তিদের মাঝে সুজয় কৃষ্ণ ভদ্র সেতুর মতো কাজ করতেন বলে সিবিআই-এর আইনজীবি আজ আদালতে দাবি করেছেন।

৩)কলকাতা হাইকোর্ট চিংড়িঘাটা এলাকায় মেট্রো রেলের স্থগিত থাকা কাজের বাধা কাটাতে রাজ্য সরকার, পুলিশ, রেল সহ সব পক্ষকে আলোচনা বসার পরামর্শ দিয়েছে।

৪) কিংবদন্তি অভিনেতা, মহানায়ক উত্তম কুমারের শততম জন্মদিনে আজ চলচ্চিত্র জগৎ সহ আপামোর বাঙালী তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে।

৫) জঙ্গলমহল সহ রাজ্যের অন্যান্য জেলায় আজ করম পরব উদযাপিত হচ্ছে।

৬) নিম্নচাপের প্রভাবে আগামীকালও দক্ষিণবঙ্গের একাধিক জেলায় বৃষ্টির হলুদ সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

oooooooooooooooo

পরীক্ষা না দিয়ে চাকরিতে পুনর্বহালের দাবিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছেন, চাকরিহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের একাংশ। ওই সংগঠনের তরফে চাকরিহারা শিক্ষক সুমন বিশ্বাস মুখ্যমন্ত্রীকে পাঠানো ই-মেলে, আসন্ন নিয়োগ পরীক্ষা সাময়িকভাবে স্থগিত করে সকল যোগ্যদের নির্ভুল তালিকা প্রকাশ করার দাবি জানিয়েছেন। তাঁর বক্তব্য, চাকরিহারা যোগ্য শিক্ষকদের সঙ্গে আলোচনা করেই নিয়োগ পরীক্ষার দিন নির্ধারণ করুক রাজ্য সরকার।

এর পাশাপাশি বিধানসভার বিশেষ অধিবেশনে এই বিষয়ে আলোচনা ও সর্বদল বৈঠকের দাবিও জানিয়েছেন তিনি। একই দাবিতে বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়কেও চিঠি পাঠিয়েছেন ওই শিক্ষক।

আগামীকাল মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করার দাবিতে তাঁরা বিধানসভাতেও যাবেন বলে জানিয়েছেন সুমন বিশ্বাস।

ooooooooooo

এজেন্ট এবং রাজনৈতিক নেতা ও ব্যক্তিদের মধ্যে সুজয় কৃষ্ণ ভদ্র ওরফে কালী ঘাটের কাকু সেতুর মতো কাজ করতেন বলে সিবিআই-এর আইনজীবী ধীরজ ত্রিবেদী আজ আদালতে দাবি করেছেন। তিনি বলেছেন, সমগ্র দুর্নীতিতে সুজয় কৃষ্ণের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং তার জন্যই বহু যোগ্য শিক্ষক চাকরি পায়নি। সিবিআইয়ের ডেপুটি সলিসিটর জেনারেল আরও বলেন, এই সুজয় কৃষ্ণ বিভিন্ন লোকের থেকে চাকরি দেওয়ার নামে টাকা সংগ্রহ করেছেন এবং তার অধীনে বহু এজেন্ট এই কাজে নিযুক্ত ছিল। আগামী ৮-ই সেপ্টেম্বর ফের এই মামলার শুনানি হবে।

ooooooooooooooooooo

এসএসসি নিয়োগ দুর্নীতিতে অভিযুক্ত রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় আজ সিবিআইয়ের দায়ের করা মামলায় জামিন পেয়েছেন । আলিপুর বিশেষ সিবিআই আদালত ৭ হাজার টাকার ব্যক্তিগত বন্ডে তাঁর জামিন মঞ্জুর করে। এর আগে সিবিআই-এর দায়ের করা গ্রুপ সি-র নিয়োগ মামলায় সুপ্রিম কোর্ট থেকে জামিন পেয়েছিলেন পার্থ। তবে অন্য একাধিক মামলা বকেয়া থাকায় প্রাক্তন শিক্ষামন্ত্রী জেল থেকে মুক্তি পাচ্ছেন না বলে জানা গেছে।

একই সঙ্গে নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত প্রাক্তন মন্ত্রী পরেশ অধিকারী এবং তাঁর কন্যা অঙ্কিতা অধিকারীও আজ আদালতে আত্মসমর্পন করে জামিন পেয়েছেন। দুপুরে আলিপুরের বিশেষ সিবিআই আদালতে আত্মসমর্পণ করেন তাঁরা ।

প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের ব্যক্তিগত সচিব সুকান্ত আচার্যও ওই আদালতে আত্মসমর্পণ করেছেন। যদিও প্রতিটি মামলার আলাদা চরিত্র এবং বৃহত্তর সামাজিক প্রেক্ষিতে এই দুর্নীতি মামলার বিরাট প্রভাবের প্রসঙ্গ তুলে সিবিআইয়ের তরফে জামিনের আবেদনের বিরোধিতা করা হয়।

oooooooooooooooooo

পূর্ব মেদিনীপুরের খেজুরিতে দুই বিজেপি কর্মীর রহস্য মৃত্যুর ঘটনায় কলকাতা হাই কোর্ট, প্রথম ময়নাতদন্তকারী চিকিৎসক,আধিকারিক, খেজুরি থানার ওসি ও প্রয়োজনে মেলা কমিটির কর্মকর্তার মোবাইল ফোনের কল রেকর্ডস খতিয়ে দেখে CID-র বিশেষ তদন্তকারী দল SIT-কে আদালতে রিপোর্ট জমা দিতে বলেছে। দুই বিচারপতি দেবাংশু বসাক ও মহম্মদ শব্বার রাশিদির ডিভিশন বেঞ্চ আজ এই মামলার শুনানিতে এই সমস্ত তথ্যের পাশাপাশি তদন্তের অগ্রগতির রিপোর্ট আগামী ৮ ই সেপ্টেম্বর আদালতে পেশ করার নির্দেশ দিয়েছেন। দুটি ময়নাতদন্তের ভিন্ন রিপোর্ট নিয়ে উদ্বেগ প্রকাশ করেন বিচারপতি বসাক। সাক্ষীদের সম্পূর্ণ নিরাপত্তা দেওয়ার ব্যবস্থা করতে রাজ্যের অ্যাডভোকেট জেনারেলকে নির্দেশ দেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের থানাগুলির নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে আধুনিক সিসিটিভি ক্যামেরা লাগানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রাথমিক পর্যায়ে ছয়টি কমিশনারেটের ৫০টি থানায় নতুন ক্যামেরা বসানোর কাজ চলবে। প্রতিটি থানায় লাগানো হবে ২০টি উন্নতমানের ক্যামেরা। নতুন ক্যামেরাগুলিতে নাইট ভিশন, স্পষ্ট অডিও এবং ৩৬৫ দিনের স্টোরেজ ক্যাপাসিটি থাকবে।

উল্লেখ্য, বর্তমানে প্রতিটি থানায় গড়ে ছয়টি ক্যামেরা রয়েছে। সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী প্রতিটি থানায় কুড়িটি ক্যামেরা থাকা প্রয়োজন। রাজ্যের সমস্ত থানায় নতুন ক্যামেরা বসাতে খরচ পড়বে একশো কোটির বেশি। প্রাথমিকভাবে কলকাতা সংলগ্ন কমিশনারেটগুলো এজন্য বাছাই করা হয়েছে। এই প্রকল্পের জন্য খরচ ধরা হয়েছে সাত কোটি টাকা। কেন্দ্রীয় বরাদ্দ পাঁচ কোটি টাকা হলেও, বাকি ব্যয়ভার রাজ্য সরকার বহন করবে।

০০০০০০০০০০০০০০০০০০

নেপাল ও ভুটানের যে সমস্ত নাগরিক স্থল বা আকশপথে ভারতে আসবেন, তাদের আগের মতই পাসপোর্ট অথবা ভিসা দেখাতে হবে না। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক, গতরাতে যে অভিবাসন ও বিদেশী নাগরিকদের ছাড়পত্র সংক্রান্ত নির্দেশিকা ২০২৫ জারি করেছে তাতে বিশেষ কিছু ক্ষেত্রে বৈধ পাসপোর্ট, ভ্রমণ সংক্রান্ত নথিপত্র ও ভিসা দেখানোর আর প্রয়োজন থাকবেনা বলে উল্লেখ করা হয়েছে।

তবে আফগানিস্তান, বাংলাদেশ ও পাকিস্তানের সংখ্যালঘু হিন্দু, শিখ, বৌদ্ধ, জৈন, পার্সি অথবা খ্রীষ্টান যারা ধর্মীয় নির্যাতন অথবা ধর্মীয় নির্যাতনের আশঙ্কায় ২০২৪ সালের ৩১ শে ডিসেম্বরের আগে বৈধ পাসপোর্ট বা বৈধ নথি ছাড়াই ভারতে আশ্রয় নিতে বাধ্য হয়েছিলেন, অথবা তাদের নথিপত্রের মেয়াদ

উত্তীর্ণ হয়ে গেছে তাদের কে বৈধ পাসপোর্ট বা ভিসা রাখার বাধ্যবাধকতা নেই বলে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট গৌর কিশোর ঘোষ এবং বেলেঘাটা স্টেশনের মধ্যে মেট্রোরেলের কাজের বাধা কাটাতে সব পক্ষকে আলোচনায় বসার পরামর্শ দিয়েছে। বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দে'র ডিভিশন বেঞ্চ আজ রাজ্য সরকার , পুলিশ, রেলওয়ে বিকাশ নিগম, মেট্রোরেল ও কেএমডি-কে বৈঠকে বসে প্রকল্প নিয়ে উদ্ভুত সমস্যার সমাধান খুঁজতে বলেন। কবে তারা বৈঠকে বসতে পারবেন, সে বিষয়ে আগামীকাল আদালতকে জানাতে বলেছে বেঞ্চ।

উল্লেখ্য মেট্রো রেলের অরেঞ্জ লাইনে গৌর কিশোর ঘোষ এবং বেলেঘাটা স্টেশনের মধ্যে মাত্র ৩৬৬ মিটার জায়গায় কাজের সমস্যার জন্য প্রকল্পের অগ্রগতি বাধাপ্রাপ্ত হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কিংবদন্তি অভিনেতা, মহানায়ক উত্তম কুমারের শততম জন্মদিনে আজ চলচ্চিত্র জগৎ সহ আপামোর বাঙালী তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে। অভিনেতার জন্মশতবর্ষের সূচনা লগ্নে আজ শহরজুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সর্বকালের শ্রেষ্ঠ ও জনপ্রিয় অভিনেতা হিসাবে তাঁর অসাধারণ অভিনয় প্রতিভার জন্য আজও তিনি অমর হয়ে রয়েছেন।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

মহানায়ক উত্তম কুমারের শততম জন্মদিন উপলক্ষে নবান্নে তার ছবিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী অরূপ বিশ্বাস। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি উত্তম কুমারের জন্মদিনে সামাজিক মাধ্যমে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

টালিগঞ্জ মেট্রো স্টেশনে মহানায়কের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান, বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য, সাংবাদিকদের তিনি বলেন, বাঙালীর চেতনে-অবচেতনে উত্তমকুমার আজও বিরাজমান।

কলকাতা পুরসভা, উত্তর কলকাতার আহিরিটোলা স্ট্রিট ও বি কে পাল এভিনিউয়ের সংযোগস্থলে শিশু ও মহিলা উদ্যানে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে।

মহানায়কের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান রাজ্যের মন্ত্রী শশী পাঁজা সহ বিশিষ্টজনেরা।

রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দফতরের উদ্যোগে কলকাতার রবীন্দ্র সদনে আয়োজিত অনুষ্ঠানে বিশিষ্ট শিল্পীরা গানে সংলাপে তাঁকে স্মরণ করেন।

টালিগঞ্জ ফেডারেশন অফ সিনে টেকনিশিয়ান এন্ড ওয়ার্কার্স অফ ইস্টার্ন ইন্ডিয়া এর পক্ষ থেকেও দিনটি পালিত হয়।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারও মহানায়কের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

oooooooooooooooooooo

আজ করম পরব। ভাদ্র মাসের একাদশী তিথিতে আধিবাসী সম্প্রদায়ের মানুষ এই উৎসব পালন করেন। জঙ্গলমহল তথা বৃহত্তর ছোটনাগপুরের আদি জনগোষ্ঠীর সবচেয়ে বড়ো উৎসব হলো-"করম পরব"। জঙ্গলমহলের বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলায় কৃষি ভিত্তিক এই উৎসব ব্যাপক উৎসাহ ও উদ্দীপনায় উদযাপিত হচ্ছে।

কুমারী মেয়েরা সারাদিন উপবাস থেকে জাওয়া নাচ ও গীতের মাধ্যমে, শস্য উৎপাদনের মঙ্গল কামনায় দিনটি করম দেবতার সংকল্পে নিবেদিত করেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী করম পুজো উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কৃষ্ণনগরে ছাত্রী ঈশিতা মল্লিকের খুনের ঘটনায় মূল অভিযুক্ত দেশরাজ সিং-কে ওই ছাত্রীর মা ও ভাই আজ শনাক্ত করেছে। কৃষ্ণনগর জেলা সংশোধনাগারে গিয়ে দেশরাজকে শনাক্ত করেন তারা।

উল্লেখ্য, গত ২৫-শে আগস্ট কৃষ্ণনগরের বাড়িতে ঢুকে ঈশিতা মল্লিককে খুব কাছ থেকে গুলি করে দেশরাজ খুন করে বলে অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০

উত্তর-পশ্চিম বঙ্গোপোসাগরের ওপর তৈরি নিম্নচাপ অঞ্চলটি আজ সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। আগামী ২৪ ঘণ্টায় তা উত্তর ওড়িশা, সংলগ্ন ঝাড়খন্ড এবং উত্তর ছত্তিশগড় হয়ে পশ্চিম উত্তর-পশ্চিমে অগ্রসর হবে। এরফলে আজ দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

আগামীকালও দুই ২৪ পরগনা, পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম জেলায় হলুদ সতর্কতা জারি করা হয়েছে। আগামী ২৪ ঘণ্টায় মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

তাপপ্রবাহকে রাজ্যভিত্তিক প্রাকৃতিক বিপর্যয়ের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এরফলে এখন থেকে হিট স্ট্রোক বা সান স্ট্রোকে  রাজ্যে কেউ প্রাণ হারালে মৃতের পরিবার দু'লক্ষ টাকা ক্ষতিপূরণ পাবেন।  রাজ্য বিপর্যয় মোকাবিলা ও সিভিল ডিফেন্স দপ্তর এই মর্মে বিজ্ঞপ্তি জারি করেছে।  হিটওয়েভ, নদীভাঙন, ভারী বৃষ্টি, বন্য পশুর আক্রমণ, বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু, জঙ্গলে আগুন-সহ মোট ১৪টি ঘটনাকে রাজ্যভিত্তিক প্রাকৃতিক বিপর্যয় হিসেবে ঘোষণা করা হয়েছ।

গত **১৯** শে অগস্ট মুখ্যসচিব মনোজ পন্থের নেতৃত্বাধীন বিপর্যয় মোকাবিলা বিষয়ক কার্যনির্বাহী কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়।

উল্লেখ্য, কেন্দ্র ও রাজ্য বিপর্যয় মোকাবিলা গাইডলাইন্স অনুযায়ী বন্যা, সাইক্লোন, খরা, ভূমিকম্প, সুনামি ইত্যাদি ঘটনাকে সাধারণত প্রাকৃতিক বিপর্যয় ধরা হয়। তবে ওই গাইডলাইনেই রাজ্যভিত্তিক প্রাকৃতিক বিপর্যয় ঘোষণা করার ক্ষমতা দেওয়া রয়েছে রাজ্য সরকারকে।

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০